

ওয়াজিরিস্তানে পোলিও টিকায় তালেবানের নিষেধাজ্ঞা



পোলিও টিকার ওপর তালেবানের নিষেধাজ্ঞার কারণে ঝুঁকির মধ্যে পড়েছে পাকিস্তানের সংঘাত বিক্ষুব্ধ উত্তর-পশ্চিমাঞ্চলের প্রায় আড়াই লাখ শিশু। আগামী সপ্তাহ থেকে ওই অঞ্চলে পোলিও টিকা কর্মসূচি শুরু করতে না পারলে ওই বিপুলসংখ্যক শিশু ঝুঁকিতে পড়বে বলে গুরুত্বপূর্ণ কর্মকর্তারা হুঁশিয়ারি জানিয়েছেন। দ্য ডন সংবাদপত্রের এক প্রতিবেদনে এ আশঙ্কার খবর জানা গেছে।—খবর বিভিন্নইউজ টোয়েন্টিফোর ডটকমের।

পাকিস্তানি তালেবান ও হাফিজ গুল বাহাদুরের অনুসারীরা আফগানিস্তানে পশ্চিমা বাহিনীর বিরুদ্ধে লড়াই করছে। যুক্তরাষ্ট্রের চালকবিহীন বিমান (ড্রোন) হামলার প্রতিবাদে তারা পার্বত্য ওয়াজিরিস্তানে পোলিও টিকা কার্যক্রম নিষিদ্ধ ঘোষণা করেছে। ওই জঙ্গি গোষ্ঠীগুলো দাবি করেছে, টিকা কর্মসূচির আড়ালে গুপ্তচরবৃত্তি চলবে। সোমবার থেকে ওই অঞ্চলে শিশুদের পোলিও টিকা কর্মসূচি শুরু হওয়ার কথা রয়েছে।

পাকিস্তান সরকারের এক স্বাস্থ্য কর্মকর্তা বলেন, “আমরা সম্ভবত উত্তর ও দক্ষিণ ওয়াজিরিস্তানে পোলিও টিকা কার্যক্রম বন্ধ করে দেব। কারণ আমরা সেনাবাহিনীর কাছ থেকে কোনো ছাড়পত্র পাইনি। ওখানকার পরিস্থিতি ঠিক অনুকূল নয়।” নাম প্রকাশ না করার শর্তে ওই কর্মকর্তা বলেন, “তালেবানের কাছ থেকে আমরা ছুমকি পেয়েছি। এ কারণে ওই অঞ্চলে পোলিও টিকা কার্যক্রম শুরু করা হবে আমাদের সহকর্মীদের জীবনের ঝুঁকিতে ফেলা।”

পাকিস্তানি চিকিৎসক শাকিল আফ্রিদি হেপাটাইটিস টিকার কার্যক্রমের আড়ালে সিআইএ’র কাছে বিন লাদেশের অবস্থান জানিয়ে দেন। এ কারণে তার বিরুদ্ধে গুপ্তচরবৃত্তির অভিযোগ আনা হয় এবং ৩৩ বছর কারাদণ্ড দেয়া হয়। পাকিস্তানের পার্বত্য অঞ্চলের স্বাস্থ্য সংস্থার পরিচালক ফয়সাল খান জানান, পোলিও টিকা যদি দেয়া না হয় তবে উত্তর ওয়াজিরিস্তানে ১ লাখ ৬০ হাজার ও দক্ষিণ ওয়াজিরিস্তানে ৮০ হাজার শিশু ঝুঁকিতে পড়বে।